

অতি জরুরী
ফ্যাক্স/ই-মেইল/বিশেষ বাহক মারফত

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
সেকশন ২, মিরপুর, ঢাকা ১২১৬
www.dpe.gov.bd

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০১.২০১৭- ৯৪/২

তারিখ: ০৪ মাঘ, ১৪২৩।
১৭ জানুয়ারি, ২০১৭।


বিষয়: উদ্ভাবনী ধারণার (Innovation Idea) প্রস্তাব নির্ধারিত সময়ের মধ্যে প্রেরণ না করা প্রসঙ্গে।

সূত্র : ৩৮.০০.০০০০.১০৭.০৫.০০৮.২০১৬-২৭৯(১২০০), ০১ ডিসেম্বর, ২০১৬ তারিখ।

সূত্রোক্ত স্মারকে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরীয় মাঠ পর্যায়ের সকল বিভাগীয় উপপরিচালক, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সুপারিনটেনডেন্ট (পিটিআই), উপজেলা শিক্ষা অফিস, উপজেলা রিসোর্স সেন্টার থেকে নির্দিষ্ট ছকে উদ্ভাবনী ধারণা ৩১ ডিসেম্বর, ২০১৬ তারিখের মধ্যে এ অধিদপ্তরে প্রেরণের জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ জানানো হয়েছিল। ইতোমধ্যে কিছু জেলা/উপজেলা থেকে উদ্ভাবনী ধারণা পাওয়া গেলেও অধিকাংশ বিভাগ, জেলা ও উপজেলা থেকে প্রস্তাবনা পাওয়া যায়নি। এটি মাঠ পর্যায়ের কর্মকর্তাদের স্বীয় দায়িত্ব পালনে শিথিলতার বহিঃপ্রকাশ হিসাবে প্রতিভাত হচ্ছে। নিঃসন্দেহে এটি কর্মকর্তাদের সার্বিক মূল্যায়নের উপর বিরূপ প্রভাব ফেলবে।

২. যেহেতু ইনোভেশন কার্যক্রমটি বর্তমান সরকারের অগ্রাধিকার প্রাপ্ত কার্যক্রম, সেহেতু এ বিষয়ে মাঠ পর্যায়ের কর্মকর্তাদের আরও সক্রিয় হওয়া আবশ্যিক। প্রাথমিক শিক্ষা অধিদপ্তর সরকারি পর্যায়ের দেশের সর্ববৃহৎ প্রতিষ্ঠান হওয়া সত্ত্বেও উদ্ভাবনী ধারণা ও চর্চার ক্ষেত্রে অগ্রগতি আশানুরূপ নয়। প্রতিটি উপজেলা থেকে ন্যূনপক্ষে একটি উদ্ভাবনী ধারণা এ অধিদপ্তরে প্রেরণ নিশ্চিত করা আবশ্যিক।

৩. বর্গিতাবস্থায়, প্রাথমিক শিক্ষা অধিদপ্তরীয় সকল বিভাগ, ডিপিইও অফিস, পিটিআই, উপজেলা শিক্ষা অফিস, ইউআরসি ও প্রাথমিক বিদ্যালয় হতে নির্দিষ্ট ফরমেটে উদ্ভাবনী ধারণা (Innovation Concept) আগামী ২৩ জানুয়ারি, ২০১৭ তারিখের মধ্যে প্রাথমিক শিক্ষা অধিদপ্তরে নিম্নোক্ত ই-মেইল: innovationcell@dpe@gmail.com —এ প্রেরণ নিশ্চিত করার জন্য নির্দেশ প্রদান করা হলো।


২৭.০২.২০১৭

ড. মো: আবু হেনা মোস্তফা কামাল, এনডিসি
মহাপরিচালক
প্রাথমিক শিক্ষা অধিদপ্তর
টেলিফোনঃ ৫৫০৭৪৭৭৭
email: dgprimarybd@gmail.com

প্রাপক:


- ১। বিভাগীয় উপপরিচালক, সকল (তঁার অধিনস্ত সকল ডিপিইও, সুপার, ইউইও, ইন্সট্রাক্টরগণকে বিষয়টি অবহিত করার জন্য অনুরোধসহ)
- ২। জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, (সকল)।
- ৩। সুপারিনটেনডেন্ট, পিটিআই (সকল)।
- ৪। উপজেলা/থানা শিক্ষা অফিসার, (সকল)।
- ৫। ইন্সট্রাক্টর, ইউআরসি/টিআরসি, (সকল)।
- ৬। অফিস নথি।

স্মারক নং- ৩৮.০১.০০০০.৩০০.০৬.০০১.২০১৭-

তারিখ: ০৪ মাঘ, ১৪২৩।
১৭ জানুয়ারি, ২০১৭।

সদয় অবগতির জন্য:

- ১। অতিরিক্ত সচিব ও চীফ ইনোভেশন অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
- ২। মহাপরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
- ৩। সংরক্ষণ নথি।


মো: তসলীমুল ইসলাম
সিস্টেম ম্যানেজার (সাইএমডি)